গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
সংস্থাপন শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের।
আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

বিজ্ঞপ্তি নং-২২.০৩.০০০০.১০৬.৩৯.০০০২.২২-১৪১

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের গত ২১শে মে, ২০২৪ তারিখের ২২.০৩.০০০০.১০৬.৩৯.০০২.২২-২১৬ নং স্মারকে ২৩শে মে, ২০২৪ তারিখে "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" এবং "The Financial Express" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধনপূর্বক নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://bfidc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী হিসাব কর্মকর্তা<br>(গ্রেড-১১)<br>বেতন স্কেল ১২৫০০-৩০২৩০/- | ১৯<br>(উনিশ) টি | এম. কম. (স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর) অথবা ৩ বছরের অভিজ্ঞতাসহ বি.কম. ডিগ্রী (স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক)। |
| ২. | সহকারী মাঠ তত্ত্বাবধায়ক<br>(গ্রেড-১২)<br>বেতন স্কেল ১১৩০০-২৭৩০০/- | ৩৭<br>(সাঁইত্রিশ) টি | দ্বিতীয় বিভাগে বি.এসসি. (স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞানে স্নাতক), বি-এজি ডিগ্রী (স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. এজি.)। |
| ৩. | উচ্চ বিভাগীয় সহকারী (প্রশাসন)<br>(গ্রেড-১৪)<br>বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- | ১৪<br>(চৌদ্দ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৪. | উচ্চ বিভাগীয় সহকারী (হিসাব)<br>(গ্রেড-১৪)<br>বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- | ১৫<br>(পনেরো) টি | বি.কম. ডিগ্রী (স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক)। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৫. | নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (প্রশাসন)<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- | ১৪<br>(চৌদ্দ) টি | ন্যূনতম এইচ.এস.সি.।<br>টাইপে প্রতি মিনিটে ইরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২০ শব্দের গতি। অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৬. | নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (হিসাব)<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- | ১৩<br>(তেরো) টি | ন্যূনতম এইচ.এস.সি. (বাণিজ্য)।<br>টাইপে প্রতি মিনিটে ইরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২০ শব্দের গতি। |

**বি:দ্র: গত ২১শে মে, ২০২৪ তারিখের ২২.০৩.০০০০.১০৬.৩৯.০০২.২২-২১৬ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যাঁরা আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

২। নিয়োগ সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তিটি দেখার জন্য বিএফআইডিসি'র ওয়েবসাইট https://bfidc.gov.bd এ ভিজিট করুন অথবা নিম্নোক্ত কিউআর কোর্ডটি স্ক্যান করুন। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

১। ০১/০৯/২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বৎসরের এর মধ্যে হতে হবে।

**২। অনলাইনে আবেদনের নিয়মাবলি:**

ক. আবেদনকারী https://bfidc.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর **তারিখ ও সময়: ০৯/০৯/২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা।**

Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়: ২৯/০৯/২০২৬ বিকাল ৪:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস- এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (৩০০×৮০ pixel) ও সদ্য তোলা রঙিন ছবি (৩০০× ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা ছবি অস্পষ্ট (সম্পূর্ণ কালো / সম্পূর্ণ সাদা / ঘোলা) বা ছবি / স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন / পরিমার্জন / পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১ ও ২ নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১৮.০০ টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা (অফেরতযোগ্য); ৩ থেকে ৬ নং পদের জন্য নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ১০০/-(একশত) টাকা এবং Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না''।

**প্রথম SMS:** BFIDC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ***BFIDC ABCDEF***
Reply: Applicant's Name, 168/- or 112/- or 56/- will be charged as application fee. Your 8 digit unique PIN (for example: 12345678). To pay fee Type BFIDC<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **BFIDC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ***BFIDC YES 12345678***
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for BFIDC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bfidc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের / কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:
**BFIDC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BFIDC Help User ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:
**BFIDC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: BFIDC Help PIN 12345678 & send to 16222.

ঝ. নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিএফআইডিসি'র ওয়েবসাইটে (https://bfidc.gov.bd) এবং https://bfidc.teletalk.com.bd অথবা QR code স্ক্যানের মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা https://alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল-এর ফেইসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে (ই-মেইল/মেসেজের subject-এ organization Name: BFIDC, Post Name: ***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা ভবিষ্যতে কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগ পরবর্তী যেকোনো পর্যায়ে প্রার্থীতা / নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ পাওয়া গেলে বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য / জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র / অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

৫। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় ও স্থান এসএমএস-এর মাধ্যমে এবং বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইট https://bfidc.gov.bd-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এসএমএস-এ প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে উল্লেখিত লিংক থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না;

৬। আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি ০১ (এক) সেট জমা প্রদান করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল / সাময়িক সনদপত্র;

খ) জাতীয় পরিচয়পত্র;

গ) প্রার্থী যে ইউনিয়ন পরিষদ / পৌরসভা / সিটি কর্পোরেশনের বাসিন্দা, সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রশাসক / পৌরসভার মেয়র অথবা প্রশাসক / সিটি কর্পোরেশনের মেয়র অথবা প্রশাসক / ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) কোটা দাবির সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ / প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

৮। নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (প্রশাসন) এবং নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (হিসাব) পদে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীকালে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো পরিবর্তন হলে তা অনুসরণ করা হবে।

১০। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে উক্ত নিয়োগ প্রক্রিয়া স্থগিত / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বিএফআইডিসি'র ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বিএফআইডিসি'র টেলিটক পোর্টালের QR Code

Dahida ০৩/০৯/২৫

(নাহিদা বারিক)
সচিব
ও
সদস্য-সচিব
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
ফোন : ০২-২২৩৩৮২১১৯
ইমেইল : secretary@bfidc.gov.bd